# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২১/০৪/২০২২ ইং তারিখঃ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৩. হত দরিদ্রদের মাঝে বস্ত্র বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৪. বস্তির অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২১/০৪/২০২২ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২১/০৪/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন প্রত্যেক ওয়ার্ডের কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন প্রতি বছরের ন্যায় ২০২১-২০২২ইং অর্থ বছরেও রিং-স্লাব বিতরণের জন্য ৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা বাজেটে বরাদ্ধ রাখা আছে। ইতিমধ্যে প্রত্যেক ওয়ার্ড থেকেই বেশ কিছু সংখ্যক রিং-স্লাবের আবেদন পৌরসভায় জমা পড়েছে। তাদের মধ্যে থেকে যাচাই বাছাই করে কিছু সংখ্যক পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা দরকার। কমিটির অপর সদস্য ০১নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শাহিনা খাতুন বলেন প্রত্যেক ওয়ার্ডেই কিছুসংখ্যক পরিবার আছে যাদের টয়লেট নির্মাণ করার সামর্থ্য নাই তাদের মাঝে রিং-স্লাব বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন প্রতি বছরের ন্যায় ২০২১-২০২২ইং অর্থ বছরেও কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা হবে। সভায় উপস্থিত পৌরসভার প্যানেল মেয়র-১ সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা সুলতানা আরা রত্না বলেন হত দরিদ্র পরিবারের নারী-পুরুষেরা প্রায়ই আমাদের কাছে আসে রিং-স্লাবের জন্য এদের কে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা দরকার। বিস্তারিত আলোচনার পর হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৩। | হত দরিদ্রদের মাঝে বস্ত্র বিতরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন PRAP সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের দুস্থ অসহায় ও হত দরিদ্র ব্যক্তিদের মধ্যে শাড়ী, লুঙ্গী ও থ্রীপিচ বিতরণ করা দরকার। কমিটির অপর সদস্য জনাব, মোঃ উজ্জল হোসেন বলেন ঈদ-উল ফিতর উপলক্ষ্যে দুস্থ অসহায় ও হত দরিদ্র ব্যক্তিদের মধ্যে শাড়ী, লুঙ্গী ও থ্রীপিচ বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন হতদরিদ্র পরিবারের মাঝে বস্ত্র বিতরণ বাবদ ২০২১-২০২২ইং অর্থ বছরে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বাজেট বরাদ্ধ রাখা আছে। তার মধ্যে কম্বল বিতরণ বাবদ ইতিমধ্যে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে। কমিটির অপর সদস্য দরিদ্রশ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন ঈদ-উল ফিতর উপলক্ষ্যে প্রতিবারের ন্যায় এবারও হতদরিদ্রদের মাঝে বস্ত্র বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হত দরিদ্রদের মাঝে শাড়ী, লুঙ্গী ও থ্রীপিচ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। হতদরিদ্র ব্যক্তিদের মাঝে শাড়ী, লুঙ্গী ও থ্রীপিচ বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | বস্তির অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বস্তির অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন, ইতিমধ্যো ০৪টি বস্তির অবকাঠামো কাজ সঠিক ভাবে বাস্তবায়ন করা হয়েছে। কমিটির অপর সদস্য মোঃ উজ্জল হোসেন বলেন, পৌরসভার প্রত্যেকটি ওয়ার্ডের দরিদ্র এলাকায় এধরনের অবকাঠামো কাজ বাস্তবায়ন করার প্রস্তাব করেন। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন পরবর্তীতে নতুন কোন প্রজেক্ট আসলে বস্তিতে এধরনের অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হবে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মোছাঃ শেফালী খাতুন বলেন, বস্তি এলাকায় যেসকল অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হয়েছে তার গুনগত মান সন্তোষজনক। সভায় উপস্থিত দরিদ্রশ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন পৌরসভায় ইউজিআইআইপি-৩ প্রকল্পের মাধ্যমে অবকাঠামো কাজ বাস্তবায়ন হওয়ায় প্রত্যেক এলাকায় অনেক উন্নয়ন হয়েছে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মোছাঃ শাহিনা খাতুন বলেন অবকাঠামো কাজগুলো সঠিকভাবে রক্ষণাবেক্ষনের প্রস্তাব করেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অবকাঠামো কাজগুলি সঠিকভাবে রক্ষণাবেক্ষনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ৪। বস্তির অবকাঠামো কাজ সঠিক ভাবে রক্ষণাবেক্ষন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-

তারিখঃ- ২১/০৪/২০২২ ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ২১/০৪/২০২২ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | [signature] |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | [signature] |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | [signature] |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | [signature] |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | [signature] |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | [signature] |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | [signature] |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

## ২১/০৪/২০২২ইং তারিখে অনুষ্ঠিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।







সময়মত পৌরকর এবং পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকা দিন। আপনার শহর পরিস্কার রাখুন

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২৬/০৫/২০২২ ইং তারিখঃ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে আলোচনা।
০৩. দরিদ্র এলাকায় ফুটপাত নির্মাণ করা প্রসঙ্গে আলোচনা।
০৪. হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২৬/০৫/২০২২ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২৬/০৫/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববতী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন আমরা পৌরসভার রাজস্ব ফান্ড হতে কিছু সংখ্যক দুস্থ ও গরীব ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদান করব। কমিটির অপর সদস্য পৌরসভার মেয়র জনাব, জাহাঙ্গীর আলম মালিক বলেন কিছু সংখ্যক পরিবার আছে যাদের উপার্জন করার মত শক্তি সামর্থ্য নাই। সেক্ষেত্রে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে আর্থিক সাহায্য প্রদান করলে তারা অনেকটা উপকৃত হবে। কমিটির অপর সদস্য ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ উজ্জল হোসেন বলেন যারা হত দরিদ্র তাদেরকে স্বাবলম্বী করা মূলত এই কমটির কাজ। কমিটির অপর সদস্য জনাব, মোছাঃ শেফালী খাতুন বলেন, গরীব ও দুস্থ ব্যক্তিদের আর্থিক সাহায্য প্রদনের মাধ্যমে তাদেরকে ব্যবসা বানিজ্যের মাধ্যমে আর্থিক ভাবে স্বচ্ছল করা সম্ভব। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন আর্থিক সাহায্য প্রদান করলে সমাজে তারাও প্রতিষ্ঠিত হতে পারবে। এবিষয়ে তিনি একমত পোষণ করেন। পরিশেষে গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। গরীব ও দুস্থ ব্যক্তিদের মাঝে আর্থিক সাহায্য প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০৩। | দরিদ্র এলাকায় ফুটপাত নির্মাণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন দরিদ্র এলাকায় জনগনের সুবিধা বিবেচনা করে তাদের চলাচলের জন্য ফুটপাত নির্মাণ করা দরকার। কমিটির অপর সদস্য পৌর মেয়র জনাব, জাহাঙ্গীর আলম মালিক বলেন দরিদ্র এলাকায় ফুটপাত নির্মাণ করলে জনগনের যাতায়াতের কষ্ট থাকবেনা। কমিটির সদস্য সচিব জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন (২০২১-২০২২) ইং অর্থ বছরে দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনায় ফুটপাত নির্মানের জন্য ৪,৫০,০০০/ (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। কমিটির অপর সদস্য জনাব, মোঃ উজ্জ্বল হোসেন বলেন যেহেতু বাজেটে বরাদ্দ রাখা হয়েছে সেহেতু উক্ত কাজ বাস্তবায়ন করা হলে এলাকাবাসী খুব উপকৃত হবে। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন বাজেট বরাদ্দ থাকায় উক্ত কাজ বাস্তবায়ন করা যেতে পারে। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন দরিদ্র এলাকায় বৃষ্টির দিনে রাস্তায় অনেক কাদা হয় সেক্ষেত্রে ফুটপাত নির্মাণ করা হলে তাদের যাতায়াতের অনেক সুবিধা হবে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শেফালী খাতুন দরিদ্র এলাকার কথা বিবেচনা করে উক্ত কাজ দ্রুত বাস্তবায়ন করার প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কাজ দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। দরিদ্র এলাকায় ফুটপাত নির্মাণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা দরকার। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোছাঃ শাহিনা খাতুন বলেন আমাদের পৌরসভা হতে প্রতি মাসেই কিছুসংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে আমরা বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য মোঃ উজ্জ্বল হোসেন বলেন কিছু পরিবার আছে যাদের ঔষধ ক্রয়ের কোন সামর্থ্য নাই সেক্ষেত্রে পৌরসভা হতে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য দরিদ্রশ্রেনীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন পৌরসভা যেহেতু সেবা মূলক প্রতিষ্ঠান তারই ধারাবাহিকতায় হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা হয়। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৪। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-

তারিখঃ- ২৬/০৫/২০২২ ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ২৬/০৫/২০২২ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরূপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়
শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

২৬/০৫/২০২২ইং তারিখে অনুষ্টিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।





# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ১৪/০৬/২০২২ ইং তারিখঃ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. বিনামূল্যে হতদরিদ্র পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৩. দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা সম্পর্কে আলোচনা।
০৪. দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৫. অনুমোদিত বস্তি সমূহে এসআইসি কমিটির মাসিক সভা করা প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১৪/০৬/২০২২ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ১৪/০৬/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | বিনা মূল্যে হত দরিদ্র পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভা হতে আমরা কিছু সংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করব। কমিটির অপর সদস্য জনাব, মোঃ উজ্জ্বল হোসেন বলেন হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করা খুবই জরুরী। সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শেফালী খাতুন বলেন হত দরিদ্রদের মাঝে যাদের ঘর করার সামর্থ্য নেই তাদের মাঝে ঢেউটিন বিতরণ করা দরকার। দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন পৌরসভা একটি সেবা মূলক প্রতিষ্ঠান হিসাবে হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করা দরকার। কমিটির সাচিবক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন ঢেউটিন বিতরণ বাবদ ২০২১-২০২২ ইং অর্থবছরে বাজেটে বরাদ্দ আছে। সেক্ষেত্রে মেয়র মহোদয়ের নির্দেশনা মোতাবেক আমরা হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে ঢেউটিন বিতরণ করব। বিস্তারিত আলোচনা শেষে হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে ঢেউটিন বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৩। | দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা সম্পর্কে আলোচনা। | সভার শুরুতেই দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন, প্রত্যেকটি কাজ বাস্তবায়ন করার জন্য সুনির্দিষ্ট্য একটি কর্মপরিকল্পণা থাকা দরকার। সেক্ষেত্রে PRAP সফল ভাবে বাস্তবায়ন করার জন্য আমাদেরকে একটি কর্মপরিকল্পনা তৈরী করতে হবে। কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ বাস্তবায়ন করতে পারলে দারিদ্র হ্রাস করা সম্ভব। কমিটির অপর সদস্য ১ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব মোছাঃ শাহিনা খাতুন বলেন কোন কাজ সঠিক ভাবে বাস্তবায়ন করতে হলে তার বাস্তব সম্মত কর্মপরিকল্পনা থাকতে হবে। কর্মপরিকল্পনা বিহীন কোন কাজ সঠিক ভাবে বাস্তবায়ন করা সম্ভব না। কমিটির অপর সদস্য ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন যে কোন কাজ বাস্তবায়ন করার জন্য তার একটি সুনির্দিষ্ট্য কর্মপরিকল্পনা থাকা আবশ্যক। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন, কর্মপরিকল্পনা ব্যতিত কোন কাজই সঠিক ভাবে বাস্তবায়ন করা সম্ভব নয়। তারই ধারাবাহিকতায় পৌরসভার রাজস্ব বাজেট হতে ২০২২-২০২৩ইং অর্থ বছরে প্র্যাপ এর আওতায় যে টাকা বরাদ্দ থাকবে সে মোতাবেক আমরা একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করব। সভায় সর্বসম্মতিক্রমে পৌরসভার রাজস্ব বাজেট হতে PRAP এর আওতায় যে টাকা বরাদ্দ থাকবে তার উপর ভিত্তি করে ২০২২-২০২৩ইং অর্থ বছরের কর্মপরিকল্পণা তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। পৌরসভার রাজস্ব বাজেট হতে ২০২২-২০২৩ইং অর্থ বছরের কর্মপরিকল্পণা তৈরী করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন PRAP সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রতি বছরের ন্যায় আমরা দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ কওে করব। কমিটির অপর সদস্য জনাব মোছাঃ শেফালী খাতুন বলেন পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের দুস্থ অসহায় ও হত দরিদ্র শিক্ষার্থীদের মধ্যে আমরা শিক্ষা উপকরণ বিতরণ করে থাকি। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা বলেন হতদরিদ্র ছাত্রদের মাঝে শিক্ষা উপকরণ ক্রয় বাবদ বাজেট বরাদ্ধ রাখা আছে। বিস্তারিত আলোচনা শেষে হতদরিদ্র ছাত্রদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪। দুস্থ ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৫। | অনুমোদিত বস্তি সমূহে এসআইসি কমিটির মাসিক সভা করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন অনুমোদিত বস্তি সমূহের অবকাঠামো কাজ ইতিমধ্যে সম্পূর্ণ বাস্তবায়ন করা হয়েছে। সেক্ষেত্রে বস্তিতে প্রতিমাসে মাসিক সভা করা লাগবে কিনা সে প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন প্রকল্পের নির্দ্দেশনা না পাওয়া পর্যন্ত প্রতি মাসে মাসিক মিটিং করতে হবে। যাতে করে অনুমোদিত বস্তি সমূহের সার্বিক সমস্যাগুলি মাসিক সভার মাধ্যমে উঠে আসে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মোছাঃ শেফালী খাতুন বলেন বস্তিতে বর্তমান যে সকল সমস্যা দেখা দিবে তা পৌরসভার মাধ্যমে সমাধান করার প্রস্তাব করেন। কমিটির অপর সদস্য দরিদ্রশ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন দরিদ্র এলাকার সমস্যা মূলত দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে সমাধান করা সম্ভব। পরিশেষে প্রকল্পের নির্দ্দেশনা না পাওয়া পর্যন্ত বস্তিতে মাসিক সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৫। প্রকল্পের নির্দ্দেশনা না পাওয়া পর্যন্ত বস্তিতে মাসিক সভা করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্বারক নং ঃ-

তারিখঃ- ১৪/০৬/২০২২ ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ১৪/০৬/২০২২ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিন্মরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | [illegible] |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | [illegible] |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | [illegible] |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | [illegible] |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | [illegible] |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | [illegible] |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | [illegible] |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | [illegible] |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com


১৪/০৬/২০২২ইং তারিখে অনুষ্ঠিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।




